গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
গোবিন্দগঞ্জ গাইবান্ধা।

## গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সৈয়দা ইয়াসমিন সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক,উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ,গাইবান্ধা। |
| স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| তারিখ ও সময় | : | ১৩/০২/২০২৫, সময়: সকাল ১১.৩০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: হাজিরা রেজিস্টারে লিপিবদ্ধ রয়েছে।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের কার্যক্রম উপস্থাপন করা হয়। সভার বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১</td><td>বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন</td><td>সভায় গত ০৯/০১/২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী পাঠ করা হয়। কোন সংশোধন আছে কিনা এ বিষয়ে আলোচনা হয়। আলোচনায় কোন সংশোধনী না থাকায় তা অনুমোদনের জন্য সদস্যগণ মতামত ব্যক্ত করেন।</td><td>কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।</td><td>সকল দপ্তর</td></tr>
<tr><td>০২</td><td>স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর</td><td>০১। ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (রাজস্ব উন্নয়ন) এর আওতায় আহ্বানকৃত ০৪ টি টেন্ডারের NOA,কার্যাদেশ ও চুক্তি সম্পাদন করা হয়েছে।<br>০২। ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় গৃহীত প্রকল্পসমূহের টেন্ডার কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>০৩। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় স্কুল ভবনের কাজ প্রায় শেষ পর্যায়ে। আশা করা যায় মার্চ/২৫ তারিখের মধ্যে শেষ হবে।<br>০৪। ইউপি প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি সন্তোষজনক। প্রজেক্ট প্রায়-৬০%।<br>০৫। চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা কমপ্লেক্স ও বিভিন্ন অফিস,বাসাবাড়ী গ্যারেজ,অভ্যন্তরীণ ড্রেন,রাস্তা,বাউন্ডারি ইত্যাদি মেরামতের লক্ষ্যে ০৫টি স্কীম স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখা বরাবরে ইতোমধ্যে পাঠানো হয়েছে।<br>০৬। ২৩-২৪ ও ২৪-২৫ অর্থ বছরে কিছু বকেয়া পত্রিকার বিল পরিশোধের নিমিত্তে নিম্নে উপস্থাপন করা হলো<br>
<table>
<tr><th>ক্র নং</th><th>পত্রিকার নাম</th><th>বিল নং ও তাং</th><th>অর্থবছর ও খাত</th><th>বিলের পরিমাণ</th></tr>
<tr><td>০১</td><td>দৈনিক ভোরের কাগজ</td><td>বিটি-৩৬৪/২৪<br>১৯/০২/২৪ ইং</td><td>২৩-২৪/(এডিপি)</td><td>২৪৮৪০/-</td></tr>
<tr><td>০২</td><td>দৈনিক করতোয়া</td><td>এসএবার-৭৭৯/২৩<br>২৭/১২/২৩ ইং</td><td>২৩-২৪/(আইকা)</td><td>১২৬৫০/-</td></tr>
<tr><td>০৩</td><td>প্রতিদিনের সংবাদ</td><td>০০৭০৭৪-এবিএল-০১<br>২৭/১২/২০২৩ ইং</td><td>২৩-২৪/(আইকা)</td><td>২০৭০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>ভোরের দর্পন</td><td>নং ০৪/২৫<br>১৯/০২/২৫ ইং</td><td>২৪-২৫/(রাজস্ব উন্নয়ন)</td><td>১২২২৬/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>সর্বমোট=</td><td>৭০,৪১৬/-</td></tr>
</table>
এমতাবস্থায় উক্ত পত্রিকার বিলের টাকা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন।</td><td>সুপারিশকৃত স্কীমসমূহ e-GP (LTM) পদ্ধতিতে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। এবং পত্রিকার বিলের টাকা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি</td></tr>
<tr><td>০৩</td><td>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়</td><td>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, কাটাখালী করতোয়া নদীতে অবৈধ বাঁধ স্থাপন করে অনেকে মাছ আহরণ করছে এবং কয়েকটি মৎস্য খাদ্য লাইসেন্স ও হ্যাচারী লাইসেন্স মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও নবায়ন করছে না। অবৈধ বাঁধ উচ্ছেদ ও মৎস্য খাদ্য ও হ্যাচারী লাইসেন্স মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও নবায়ন না করায় মোবাইল কোর্ট পরিচালনার জন্য প্রশাসনিক সহযোগিতার প্রয়োজন।<br>বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। উপস্থিত সদস্যগণ কাটাখালী করতোয়া নদীতে অবৈধ বাঁধ স্থাপনা উচ্ছেদ এবং মৎস্য খাদ্য লাইসেন্স ও হ্যাচারী লাইসেন্স মেয়াদ উত্তীর্ণ হওয়ায় নবায়ন না করায় মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে আইন ও বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জন্য একমত পোষণ করেন।</td><td>কাটাখালী করতোয়া নদীতে অবৈধ বাঁধ স্থাপনা উচ্ছেদ এবং মৎস্য খাদ্য লাইসেন্স ও হ্যাচারী লাইসেন্স মেয়াদ উত্তীর্ণ হওয়ায় নবায়ন না করায় মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে আইন ও বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়</td><td>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>০৪</td><td>উপজেলা প্রাণি সম্পদ অফিস</td><td>উপজেলা প্রাণি সম্পদ অফিসার জানান যে, অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। প্রান্তিক খামারি থেকে শুরু করে গবাদি পশু ও হাঁস-মুরগির চিকিৎসা প্রদানের বিষয়ে খামারীকে পরামর্শ প্রদান অব্যাহত আছে।</td><td>পরামর্শ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রাণি সম্পদ অফিসার</td></tr>
<tr><td>০৫</td><td>উপজেলা শিক্ষা অফিস</td><td>উপজেলা শিক্ষা অফিসার জানান যে,অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও মনিটরিং করা হচ্ছে। আলোচনান্তে এধারা অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করা হয়।</td><td>পরামর্শ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা শিক্ষা অফিসার</td></tr>
</table>

S. Y. Sultana

| ক্রমঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৬ | উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার পক্ষে সভায় জানান যে, (১) ভিডব্লিউবি কর্মসূচি: ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ ভিডব্লিউবি চক্রের মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২৪ শেষ হয়েছে। ২০২৫-২০২৬ চক্রে নতুন উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া অল্প কিছুদিনের মধ্যে শুরু হবে। (২) মা ও শিশু সহায়তা তহবিল: মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে অত্র উপজেলায় ১৭টি ইউনিয়ন ও পৌরসভায় বরাদ্দ অনুযায়ী জানুয়ারি ২০২৫ মাসে ভাতাভোগী নির্বাচন করা হয়েছে। (৩) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প: কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ১৮টি ক্লাবে কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। জানুয়ারি ২০২৫ মাস হতে নতুন সদস্য ভর্তি করা হয়েছে। (৪) বাল্য বিবাহ এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ: বাল্য বিবাহ এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সচেতনতামূলক আলোচনা সভা অব্যাহত রয়েছে। এছাড়া প্রতিমাসে উপজেলা বাল্য বিবাহ নিরোধ কমিটি এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হয়। (৫) ক্ষুদ্র ঋণ কার্যক্রম: মহিলাদের আত্নকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় আদায় কার্যক্রম চলমান রয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান সকল কর্মসূচি ও প্রকল্প যথানিয়মে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৭ | উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা জানুয়ারি ২০২৫ মাসের কামারের হাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৩০জন নারীকে গরু মোটাতাজাকরণ বিষয় প্রশিক্ষণ প্রদান করা হয় এবং গোবিন্দগঞ্জ পৌর মডেল স্কুলে ৩০জন নারীকে ব্লক বাটিক বিষয় প্রশিক্ষণ প্রদান করা হয়। অত্র কার্যালয়ে ঋণ আদায় ও অন্যান্য কার্যক্রম বিধি মোতাবেক চলমান আছে। | ঋণ আদায়সহ অফিসের কার্যক্রম যথানিয়মে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ০৮ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। ফেব্রুয়ারি ২০২৫ মাসে কৃষি রিপোর্টসহ অন্যান্য রিপোর্ট জেলা পরিসংখ্যান অফিসে প্রেরণ করা হয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম বিধি মোতাবেক চলমান আছে। | অফিসের এধারা অব্যাহত রাখার অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ০৯ | উপজেলা আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার জানান যে,উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়ের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। উল্লেখ যোগ্য কার্যক্রম ছিল ১৬/০২/২০২৫ হতে ২৭/০২/২০২৫ তারিখ পর্যন্ত ১০ (দশ) কার্যদিবসব্যাপী ৫৯জন আনসার ও ভিডিপি'কে গ্রামভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণে প্রদান করা হয় এবং ২৭/০২/২০২৫ তারিখে প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট ও ভাতা প্রদান করা হয়। এছাড়া ২৩/০২/২০২৫ তারিখে ০১(এক)জন ভিডিপি সদস্যকে (পুরুষ) ৬০ (ষাট) দিনব্যাপী দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের জন্য দিনাজপুর জেলায় প্রেরণ করা হয়। | অফিসের কার্যক্রম যথানিয়মে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ১০ | সহকারী প্রকৌশলী (বিএমডিএ) গোবিন্দগঞ্জ জোন | সহকারী প্রকৌশলী (বিএমডিএ) সভায় জানান যে, ১০৪টি সেচ যন্ত্রের মধ্যে ০২টি সেচযন্ত্রের ট্রান্সফারমার চুরি হওয়ায় বন্ধ আছে এবং ০৪টি সেচযন্ত্র এড়িয়ার ভিতরে এসডিডব্লিউ থাকায় সেচযন্ত্র ০২টি বন্ধ রয়েছে। এছাড়া ৯৮টি সেচযন্ত্র সচল রয়েছে এবং ২৩৫০ হেক্টর জমিতে ধান ও ভুট্টা ফসলে সেচ প্রদান করা হচ্ছে। গভীর নলকূপের স্কীমের ভিতরে সেচনীতিমালা অমান্য করে এসডিডব্লিউ স্থাপন করেছে। সে বিষয়ে সজাগ থাকার আহবান জানান। আলোচনান্তে সেচযন্ত্র চুরিরোধে কৃষকগণকে সচেতনতা বৃদ্ধিসহ বিধি ও আইন অনুযায়ী অন্যান্য ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রকৌশলী (বিএমডিএ) এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | সেচযন্ত্র চুরিরোধে কৃষকগণকে সচেতনতা বৃদ্ধিসহ বিধি ও আইন অনুযায়ী অন্যান্য ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (বিএমডিএ) |
| ১১ | ইউনিয়ন ভূমি অফিসের সীমানা প্রাচীর নির্মাণ/ সংস্কার | সভায় জানানো হয় ১৪/১১/২০২৪ তারিখ সভায় কামদিয়া, নাকাই, রাখালবুরুজ, মহিমাগঞ্জ, গুমানীগঞ্জ,ছাতারপাড়া ইউনিয়ন ভূমি অফিসের সীমানা প্রাচীর নির্মাণ/ সংস্কারের প্রয়োজনে মোট =১২,০০,০০০.০০ (বার লক্ষ) টাকা এডিপি খাত হতে মিটানো সিদ্ধান্ত হয়। উক্ত ভূমি অফিসসমূহ পুনঃ যাচাই অন্তে নাকাই ইউনিয়ন ভূমি অফিসের প্রাচীর ও দৃষ্টিনন্দন গেইট নির্মাণে = ৬,০০,০০০.০০ (ছয় লক্ষ) টাকা এবং মহিমাগঞ্জ , গুমানীগঞ্জ,ছাতারপাড়া ইউনিয়ন ভূমি অফিসের সীমানা প্রাচীর নির্মাণ/ সংস্কারের জন্য প্রত্যেক ইউনিয়ন ভূমি অফিসের জন্য =২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা করে মোট = ৬,০০,০০০.০০ (ছয় লক্ষ) টাকার প্রয়োজন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় সভায় উপস্থিত সদস্যগণ উক্ত ব্যয় এডিপি খাত হতে মিটানো যায় মর্মে মতামত ব্যক্ত করেন। | ইউনিয়ন ভূমি অফিসে সীমানা প্রাচীর নির্মাণ/ সংস্কার ব্যয় এডিপি খাত হতে আরএফকিউ পদ্ধতির মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| ১২ | বিবিধ-১ | ক) রাজস্ব ব্যয়: সভায় জানানো হয় পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত খাতে =৯৪০০০.০০ (চুরানব্বই হাজার) টাকা ব্যয় করা হয়েছে। আলোচনান্তে ব্যয়সমূহ যথার্থ হওয়ায় তা অনুমোদন পূর্বক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সকল সদস্যগণ অভিমত ব্যক্ত করেন। | ব্যয় অনুমোদন ও পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ |
| ১৩ | বিবিধ-২ | উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিস, উপজেলা কৃষি অফিস, উপজেলা সমাজসেবা অফিস, সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য অফিস, উপজেলা পল্লী উন্নয়ন অফিস, ফরেস্ট সামাজিক বনায়ন কেন্দ্র, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস,পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, সহকারী প্রকৌশলী বরেন্দ্র, সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তার অফিস, উপজেলা পরিবার পরিকল্পনা অফিস, অফিসার্স ইন চার্জ, উপজেলা আনসার ও ভিডিপি অফিস, সহকারী সেটেলমেন্ট অফিস, ইউডিএফ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিস প্রধানগণ সভায় জানান তাদের অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সকল অফিস প্রধানগণকে আগামী সভায় কার্যপত্র উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

অন্য কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

S.J. Sultana
২৬/০২/২০২৫

সৈয়দা ইয়াসমিন সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
ও
উপজেলা প্রশাসক
গোবিন্দগঞ্জ,গাইবান্ধা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
গোবিন্দগঞ্জ গাইবান্ধা।

স্মারক নং ০৫.৫৫.৩২৩০.০০০.০০০.০২.০০০১.২৪.৪০৫ (৫০)

তারিখ: ৩০ মাঘ ১৪৩১ / ১৩ ফেব্রুয়ারি ২০২৫

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক ,গাইবান্ধা।
০৫। উপজেলা .................................................. অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
০৬। চেয়ারম্যান, .................................................. ইউপি (সকল), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

সৈয়দা ইয়াসমিন সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
গোবিন্দগঞ্জ,গাইবান্ধা